বারি



৫১৫৩/২০২২

বহুনির্বাচনি অভীক্ষা
বাংলা
[২০২২ সালের সিলেবাস অনুযায়ী]
প্রথম পত্র

সময়—২০ মিনিট
পূর্ণমান—১৫

বিষয় কোড : 1 0 1

সেট : গ

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো পনেরটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

১। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে হাসান ইমাম কোন নামে সংবাদ পাঠ করতেন?
(ক) আবু মোহাম্মদ আলী
(খ) আহমেদ চৌধুরী
(গ) সালেহ আহমদ
(ঘ) আলমগীর কবির

২। 'ধ্বজা' অর্থ কী?
(ক) গৌরব (খ) অসারতা
(গ) পতাকা (ঘ) আশা

উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :

অংশ এক:
অর্ধ পৃথিবী করেছ শাসন ধুলার তখতে বসি
খেজুর পাতার প্রাসাদ তোমার বারে বারে গেছে খসি।

অংশ দুই:
ভৃত্য চড়িল উটের পৃষ্ঠে উমর ধরিল রশি,
মানুষেরে স্বর্গে তুলিয়া ধরিয়া ধুলায় নামিল শশী।

৩। মহানবি (স.) এর কোন কথায় উদ্দীপকের অংশ এক-এর ভাবটি ফুটে উঠেছে?
(ক) আমি রাজা নই, সম্রাট নই, মানুষের প্রভু নই
(খ) এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা কর
(গ) মানুষের দ্বারে দ্বারে সত্যের বাণী বহন করা আমার কাজ
(ঘ) আজ তোমরা সবাই স্বাধীন, সবাই মুক্ত

৪। উদ্দীপকের অংশ দুই-এ মহানবি (স.) এর যে গুণটি ফুটে উঠেছে—
*i.* সাম্য
*ii.* মানবতা
*iii.* মহানুভবতা
নিচের কোনটি সঠিক?
(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i, ii* ও *iii*

৫। "স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো" কবিতায় 'লালসালু' কীসের প্রতীক?
(ক) ঐক্যের (খ) সংহতির
(গ) বিপ্লবের (ঘ) দেশপ্রেমের

৬। 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধ অনুসারে শিক্ষার সুফল কখন ব্যক্তিগত হয়ে পড়বে?
(ক) সুশৃঙ্খল সমাজ গঠন না করলে
(খ) অর্থ উপার্জনকেই জীবনের লক্ষ্য ভাবলে
(গ) ক্ষুধা-তৃষ্ণাকে গুরুত্ব না দিলে
(ঘ) জীবসত্তার ঘরে ব্যস্ত থাকলে

৭। 'সেইদিন এই মাঠ' কবিতায় কোনটি শিশিরের জলে ভিজে রহস্যময় সৌন্দর্যে ফুটে উঠবে?
(ক) মাঠ (খ) নদী
(গ) চালতাফুল (ঘ) লক্ষ্মীপেঁচা

উদ্দীপকটি পড়ে ৮ নং প্রশ্নের উত্তর দাও :

কোভিড-১৯ এ পরিবারের সকলকে হারিয়ে ফরিদ শোকে স্তব্ধ। তবুও সে মনোবল হারায় না, নতুন করে বাঁচার চেষ্টা করে।

৮। উদ্দীপকের ফরিদ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের প্রতিরূপ?
(ক) আলি (খ) বুধা
(গ) মিঠু (ঘ) ফুলকলি

উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :

অংশ এক:
পরের কারণে মরণেও সুখ; 'সুখ' 'সুখ' করি কেঁদ না আর,
যতই কাঁদিবে, ততই ভাবিবে ততই বাড়িবে হৃদয় ভার।

অংশ দুই:
কার্যক্ষেত্র ঐ প্রশস্ত পড়িয়া সমর অঙ্গন সংসার এই,
যাও বীরবেশে কর গিয়া রণ; যে জিনিবে সুখ লভিবে সে-ই।

৯। উদ্দীপকের অংশ এক-এর ভাবটি নিচের কোন চরণে ফুঠে উঠেছে?
(ক) কর যত্ন হবে জয়, জীবাত্মা অনিত্য নয়
(খ) করো না সুখের আশ, পরো না দুখের ফাঁস
(গ) মানব-জনম সার, এমন পাবে না আর
(ঘ) সহায় সম্পদ বল, সকলি ঘুচায় কাল

১০। উদ্দীপকের অংশ দুই এর বক্তব্যটি 'জীবন-সঙ্গীত' কবিতার যে ভাবটির সাথে সাদৃশ্যপূর্ণ—
*i.* সংগ্রামশীলতা
*ii.* জীবনের ক্ষণস্থায়িত্ব
*iii.* কর্মোদ্দীপনা
নিচের কোনটি সঠিক?
(ক) *i* (খ) *ii*
(গ) *i* ও *ii* (ঘ) *i* ও *iii*

১১। 'মমতাদি' গল্পে ছেলেটির মুখে, 'বামুনদি' ডাকশুনে মমতাদি চমকে হাসি বন্ধ করল কেন?
(ক) আত্মসম্মানে আঘাত লাগায়
(খ) আচমকা ডাক দেয়ায়
(গ) গৃহকর্মে ব্যস্ত থাকায়
(ঘ) ছেলের কথা মনে পড়ায়

১২। 'আমার পরিচয়' কবিতায় কবি আমাদের লোক-সাহিত্যের ঐতিহ্য বোঝাতে উল্লেখ করেছেন—
*i.* কমলার দীঘি
*ii.* মহুয়ার পালা
*iii.* চর্যাপদ
নিচের কোনটি সঠিক?
(ক) *i* ও *ii* (খ) *ii* ও *iii*
(গ) *i* ও *iii* (ঘ) *i, ii* ও *iii*

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

১৩। 'সুভা' গল্পে প্রতাপ সুভার মর্যাদা বুঝত কেন?
(ক) বাকপ্রতিবন্ধীর প্রতি সহানুভূতির কারণে
(খ) প্রতিদিন পান সাজিয়ে আনত বলে
(গ) বিশেষ কাজে সাহায্য করার কারণে
(ঘ) মাছ ধরার সময় নীরবে সঙ্গ দিত বলে

১৪। চিকিৎসার অজুহাতে কে শহরে গিয়েছিলেন?
(ক) হাশেম আলি (খ) খোদেজা
(গ) হাতেম আলি (ঘ) বহিপীর

১৫। রানির বুধাকে কাকতাড়ুয়া খেলা খেলতে নিষেধ করার কারণ কী?
(ক) আহাদ মুন্সির অত্যাচারের ভয়
(খ) মিলিটারির গুলি করার সম্ভাবনা
(গ) কাকতাড়ুয়া খেলাটি বিপজ্জনক
(ঘ) অসুস্থ হওয়ার আশঙ্কা

১৬। 'নিমগাছ' গল্পে বিজ্ঞরা নিমগাছের কোনটির পক্ষে বলেন?
(ক) হাওয়ার (খ) কচি ডালের
(গ) কচি পাতার (ঘ) নরম ছালের

১৭। 'বই পড়া' প্রবন্ধ অনুসারে "সেই গঙ্গাতে অবগাহন করেই আমরা আমাদের সকল পাপমুক্ত হব।"—বাক্যে 'পাপমুক্ত' বলতে কী বোঝানো হয়েছে?
(ক) সর্ববিষয়ে জ্ঞান অর্জন
(খ) মনের সংকীর্ণতা মুক্তি
(গ) ধার্মিকতা ও পুণ্যলাভ
(ঘ) সাহিত্য পাঠে অভ্যস্ততা

১৮। 'কপোতাক্ষ নদ' কবিতায় কবির কাছে 'ভ্রান্তির ছলনা' কোনটি?
(ক) স্নেহের তৃষ্ণা
(খ) নিশার স্বপন
(গ) মায়া-মন্ত্রধ্বনি
(ঘ) কপোতাক্ষের কলকল ধ্বনি

১৯। 'মানুষ' কবিতার কোন চরণটিতে ভুখারির ক্ষোভ প্রকাশ পেয়েছে?
(ক) দ্বার খোলো বাবা, খাইনি তো সাত দিন!
(খ) আশিটা বছর কেটে গেল, আমি ডাকিনি তোমায় কভু,
(গ) আমার ক্ষুধার অন্ন তা বলে বন্ধ করনি প্রভু।
(ঘ) ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়!

২০। 'বঙ্গবাণী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলন করা হয়েছে?
(ক) নূরনামা (খ) শিহাবুদ্দিননামা
(গ) নসীহৎনামা (ঘ) শহরনামা

২১। 'পল্লিজননী' কবিতায় ছেলেটি তার মাকে যত্ন করে কোনটি রাখতে বলেছে?
(ক) ট্যাপের মোয়া (খ) পুতুল
(গ) হুড়ুমের কোলা (ঘ) লাটাই

২২। 'প্রবাস বন্ধু' গল্পের লেখক কোন খাবারটি ফিরিয়ে দিয়েছিলেন?
(ক) আখরোট (খ) আঙুর
(গ) ফালুদা (ঘ) সবুজ চা

২৩। 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় এতিম হলো—
*i.* সাকিনা বিবি
*ii.* হরিদাসী
*iii.* অবুঝ শিশু
নিচের কোনটি সঠিক?
(ক) *i* (খ) *iii*
(গ) *i* ও *ii* (ঘ) *ii* ও *iii*

২৪। 'ওই যে বাড়িগুলো পুড়িয়েছিল, এটাও যুদ্ধ।' বুধাকে এ কথাটি কে বলেছেন?
(ক) মিঠু (খ) শাহাবুদ্দিন
(গ) আলি (ঘ) ফুলকলি

২৫। দুর্গা সুর নিচু করিয়া বলিল, 'মা ঘাট থেকে আসেনি তো'? দুর্গার এ কথায় কী প্রকাশ পেয়েছে?
(ক) আকুলতা (খ) ভীরুতা
(গ) কৌতূহল (ঘ) দুরন্তপনা

২৬। "ব্যবসায়ী হামিদকে অপহরণ করে বুকে পিস্তল ঠেকিয়ে জাল দলিলে স্বাক্ষর নেয় এলাকার সন্ত্রাসী।" উদ্দীপকটি 'একাত্তরের দিনগুলি' রচনার কোন ঘটনাকে ইঙ্গিত করে?
(ক) বুদ্ধিজীবীদের কাছ থেকে বিবৃতি আদায় করার
(খ) জোর করে স্কুল-কলেজ খোলা রাখার
(গ) পদস্থ ব্যক্তিদের ধরে নিয়ে প্রোগ্রাম করানোর
(ঘ) গোয়েবলসের নির্লজ্জ মিথ্যা ভাষণের

২৭। 'ছন্দোবদ্ধ ভাষায়, অর্থাৎ পদ্যে,' যা লিখিত হয় তাকে বলা হয়—
(ক) ট্র্যাজেডি (খ) কমেডি
(গ) কবিতা (ঘ) প্রবন্ধ

উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :

বেদখল হয়ে যাচ্ছে তাহের চৌধুরীর অনেক জমি। তিনি জমি রক্ষায় আদালতে যান। মামলা চালানোর জন্য তিনি দূর সম্পর্কের আত্মীয় কেরামত মিয়ার কাছ থেকে টাকা ধার চান। কিন্তু কেরামত মিয়া কঠিন শর্তে টাকা ধার দিতে রাজি হন।

২৮। উদ্দীপকের তাহের চৌধুরীর সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?
(ক) আনোয়ার উদ্দিন
(খ) হাশেম আলি
(গ) বহিপীর
(ঘ) হাতেম আলি

২৯। কেরামত মিয়া যে বৈশিষ্ট্যের কারণে বহিপীরের প্রতিনিধিত্ব করছে—
*i.* সুযোগ সন্ধানী মনোভাব
*ii.* অর্থের প্রতি লোভ
*iii.* স্বার্থপর মনোবৃত্তি
নিচের কোনটি সঠিক?
(ক) *i* (খ) *ii*
(গ) *i* ও *iii* (ঘ) *ii* ও *iii*

উদ্দীপকটি পড়ে ৩০ নং প্রশ্নের উত্তর দাও :

রমিজ উদ্দিন হঠাৎ অসুস্থ হলে ব্যবসা দেখাশোনা করতে পারেন না। সুস্থ হয়ে ফিরে এলে দেখেন, তাঁর অনুপস্থিতিতে কর্মচারী মোহন নিষ্ঠার সাথে ব্যবসা চালিয়ে প্রতিষ্ঠানের মুনাফা বৃদ্ধি করেছেন।

৩০। নিচের কোন চরণে উদ্দীপকের মোহনের বৈশিষ্ট্য ফুটে উঠেছে?
(ক) পৃথিবীর বোঝা ক্ষুধিত রানার পৌঁছে দিয়েছে 'মেলে'
(খ) কাজ নিয়েছে সে নতুন খবর আনার
(গ) বোঝাই জাহাজ রানার চলেছে চিঠি আর সংবাদে
(ঘ) আরো জোরে, আরো জোরে, এ রানার দুর্বার দুর্জয়